

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৩ ১/ বিবিধ হাদিসসমূহ পরিচ্ছেদঃ তাওহীদের ফযিলত

আরবী

13 - عن أبي سعيد الخدري _ رضي الله عنه _ قال: قال رسول الله صلى الله عليه وسلم: «ما مجادلة أحدكم في الحقّ يكون له في الدُّنيا بأشد مجادلة من المؤمنين لربهم في إخوانهم الذين أَدْخِلُوا النار، قال: يقولون: ربنا إخواننا كانوا يُصلُّون معنا ويَحبُّون معنا فأدْخَلْتَهُمُ النار. قال: فيقول: اذهبوا فأخرجوا من عرفْتُم منهم. قال: فيأتونهم فيعرفونهم بصورهم فمنهم من أخَذَته النَّارُ إلى أنصاف ساقيه، ومنهم من أخَذَتُهُ إلى كَعْبَيْه فيخرجونهم فيقولون: ربَّنا قد أخْرجَنْا من أمرتنا، قال: ويقول: أخْرجوا من كان في قلبه وزْنُ دينارٍ من الإيمان، ثم قال: من كانَ في قلبه وزنُ نصف دينار، حتى يقول: من كان في قلبه وزن ذرة » . (ن, جه) صحيح قلبه وزنُ نصف دينار، حتى يقول: من كان في قلبه وزن ذرة » . (ن, جه) صحيح

বাংলা

১৩. আবৃ সায়িদ খুদরি রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "দাবি নিয়ে দুনিয়াতে তোমাদের যেমন ঝগড়া হয়, তা মুমিনগণ কর্তৃক তাদের ভাইদের সম্পর্কে যাদেরকে জাহান্নামে প্রবেশ করানো হয়েছে, তাদের রবের সাথে ঝগড়ার চেয়ে অধিক কঠিন নয়।[1] তিনি বলেন: তারা বলবে: হে আমাদের রব, আমাদের ভাইয়েরা আমাদের সাথে সালাত আদায় করত, আমাদের সাথে সিয়াম পালন করত ও আমাদের সাথে হজ করত, কিন্তু আপনি তাদেরকে জাহান্নামে প্রবেশ করিয়েছেন। তিনি বলেন: আল্লাহ বলবেন: যাও তাদের থেকে যাকে তোমরা চিনো তাকে বের কর। তিনি বলেন: তাদের নিকট তারা আসবে, তাদের চেহারা দেখে তাদেরকে তারা চিনবে, তাদের কাউকে আগুন পায়ের গোছার অর্ধেক খেয়ে ফেলেছে। কাউকে পায়ের টাকনু পর্যন্ত খেয়ে ফেলেছে, তাদেরকে তারা বের করবে অতঃপর বলবে: হে আমাদের রব, যাদের সম্পর্কে আমাদের নির্দেশ দিয়েছেন আমরা বের করেছি। তিনি বলেন: আল্লাহ বলবেন: বের কর যার অন্তরে এক দিনার পরিমাণ ঈমান রয়েছে। অতঃপর বলবেন: যার অন্তরে অর্ধেক দিনার পরিমাণ ঈমান রয়েছে। এক সময় বলবেন: যার অন্তরে বিন্দু পরিমাণ ঈমান রয়েছে। [নাসায়ি ও ইবনু মাজাহ] হাদিসটি সহিহ।



ফুটনোট

[1] অথাৎ দুনিয়াতে আমরা নিজেদের দাবি নিয়ে যে পরিমাণ ঝগড়া ও তর্কে লিপ্ত হই, আখেরাতে মুমিনগণ আল্লাহর সাথে তার চেয়ে অধিক ঝগড়া ও তর্কে লিপ্ত হবে তাদের ভাইদের মুক্ত করানোর জন্য, যাদেরকে জাহান্নামে প্রবেশ করানো হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন